তারিখ 24 SEP 2016
পৃষ্ঠা ২ কলাম ৪

দৈনিক আমাদের সময়

# জবি ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র সর্বশেষ প্রযুক্তিতে তৈরি

জবি প্রতিনিধি ●

জগন্নাথ বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র সর্বশেষ প্রযুক্তিতে তৈরি করা হয়েছে এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষার প্রশ্নপত্রের ধারে কাছেও জালিয়াত চক্র যেতে পারবে না বলে মন্তব্য করেছেন জবি উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

গতকাল শুক্রবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) ২০১৬-১৭ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ সম্মান শ্রেণির কলা ও আইইআর এবং আইন অনুষদভুক্ত 'বি' ইউনিটের ভর্তি পরীক্ষা চলাকালে সংবাদ সম্মেলনে তিনি এ মন্তব্য করেন। এ সময় তিনি আরও বলেন, যদি কেউ প্রশ্নপত্র ফাঁসের চেষ্টা করে তবে সেটি হবে ব্যর্থ প্রচেষ্টা। কেননা, প্রশ্নপত্র তৈরিতে সর্বাধুনিক প্রযুক্তি ডাবল লেয়ার বার কোড পদ্ধতি ব্যবহার করা হয়েছে। আর প্রশ্নপত্রের বহুসংখ্যক সেট তৈরি করা হয়েছে। যার ফলে, কেউ চেষ্টা করলেও প্রশ্নপত্র ফাঁস করতে সক্ষম হবে না। আর যদি কেউ জালিয়াতির চেষ্টা করে তাহলে আমরা মোবাইল কোর্টের মাধ্যমে সঙ্গে সঙ্গে সাজা প্রদান করব। উপাচার্য আরও বলেন, এবার 'বি' ইউনিটের ৬৭০টি আসনের বিপরীতে ৩৬ হাজার ২২৫ জন ভর্তিচ্ছু শিক্ষার্থী আবেদন করেন। অর্থাৎ প্রতি আসনের বিপরীতে প্রতিদ্বন্দ্বী প্রায় ৫৪ জন। আর পরীক্ষায় প্রায় শতভাগ উপস্থিতি আছে বলেও জানান তিনি। সংবাদ সম্মেলন চলাকালে বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় প্রধান, প্রক্টরিয়াল বডির সদস্যরা উপস্থিত ছিলেন।